দৈনিক বাংলা

তারিখ ... 19 DEC 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

35

# ত্রুটিমুক্ত পাঠ্যপুস্তক চালু করতে কমিটি গঠিত

দেশের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা স্তরে প্রচলিত পাঠ্যপুস্তকে বেশ কিছু বিষয়বস্তু, ভাষা ও তথ্যগত ত্রুটি সরকারের নজরে এসেছে। আগামী শিক্ষা বছরে ত্রুটিমুক্ত পাঠ্যপুস্তক চালুর বিষয় পর্যালোচনা, মূল্যায়ন ও সংশোধনের জন্য সরকার দেশের খ্যাতনামা শিক্ষাবিদদের নিয়ে একটি কমিটি গঠন করেছে। খবর তথ্য বিবরণীর।

মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ত্রুটিমুক্ত পাঠ্যপুস্তক

(প্রথম পৃঃ পর)

সম্মেলন কক্ষে এ কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়। শিক্ষা উপদেষ্টা প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী সভায় নীতি নির্ধারণী বক্তৃতা দেন। শিক্ষা সচিব আ ন ম ইউসুফ, অতিরিক্ত সচিব জনাব জামিল চৌধুরী ও অন্যান্য পদস্থ কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন।

শিক্ষা উপদেষ্টা বলেন, গণতান্ত্রিক মূল্যবোধ ও দেশাত্মবোধ সৃষ্টিকারী সময়োপযোগী ও বাস্তবমুখী শিক্ষা ব্যবস্থা সমাজ উন্নয়নের পূর্বশর্ত। তিনি বলেন, জাতীয় ইতিহাস ও ঐতিহ্য এবং মুক্তিযুদ্ধের চেতনাকে সামনে রেখে বর্তমান পরিস্থিতির উপযোগী একটি শিক্ষা পাঠ্যক্রম চালুর সময় এসেছে। তিনি জনগণের আশা-আকাংখা পূরণের লক্ষ্যে ভবিষ্যতের জন্য একটি উপযুক্ত শিক্ষা ব্যবস্থা চালুর লক্ষ্যে মূল্যবান পরামর্শ দিয়ে সরকারকে সহায়তা করার জন্য শিক্ষাবিদদের প্রতি আহবান জানান।

কমিটির সভানেত্রী অধ্যাপক সনজীদা খাতুন, সদস্য অধ্যাপক হাসনুজ্জামান চৌধুরী, অধ্যাপক রতন লাল চক্রবর্তী, অধ্যাপক হায়াৎ মামুদ, অধ্যাপক মুনতাসীর মামুন, অধ্যাপক শফি আহমদ, অধ্যাপক আলী আনোয়ার, অধ্যাপক হাসান আজিজুল হক, অধ্যাপক হিরন্ময় সেনগুপ্ত, অধ্যাপক এম এ জব্বার, অধ্যাপক এইচ কে এম ইউসুফ, অধ্যাপক হাফিজ জি এ সিদ্দিকী, সাংবাদিক ওয়াহিদুল হক, সাংবাদিক আবুল মোমেন এবং সদস্য-সচিব ও জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সচিব জনাব শামসুল হক সভায় উপস্থিত ছিলেন।